সমকাল

তারিখ ... 30 APR 2017 ...
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ৬ ...

# শিক্ষকদের উন্নত মূল্যবোধ অর্জন করতে হবে

—শিক্ষামন্ত্রী

■ সমকাল প্রতিবেদক

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, শিক্ষকদের মানোন্নয়নে বিভিন্ন ধরনের প্রশিক্ষণ কার্যক্রম গ্রহণ করা হয়েছে। দেশ-বিদেশে তাদের প্রশিক্ষণ দেওয়া হচ্ছে। প্রশিক্ষণের পাশাপাশি শিক্ষকদের উন্নত নৈতিক মূল্যবোধসম্পন্ন আদর্শ শিক্ষক হতে হবে, যাতে ছাত্রছাত্রীরা তাদের অনুসরণ করতে পারে।

গতকাল শনিবার রাজধানীর হোটেল লা মেরিডিয়েনে জেলা শিক্ষা কর্মকর্তা, উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, প্রধান শিক্ষক ও মাস্টার ট্রেইনারদের 'কানেকটিং ক্লাসরুমস' শীর্ষক ওরিয়েন্টেশন কর্মশালায় প্রধান অতিথির বক্তৃতায় এ কথা বলেন শিক্ষামন্ত্রী। ব্রিটিশ কাউন্সিল এবং মাধ্যমিক ও উচ্চশিক্ষা (মাউশি) অধিদপ্তর এ কর্মশালার আয়োজন করে। কর্মশালায় অন্যদের মধ্যে ব্রিটিশ কাউন্সিলের পরিচালক বারবারা উইকহ্যাম, মাউশির পরিচালক অধ্যাপক শামসুল হুদা বক্তব্য রাখেন। 'কানেকটিং ক্লাসরুমস' বিষয়ে পাওয়ার পয়েন্ট উপস্থাপন করেন ব্রিটিশ কাউন্সিলের কর্মকর্তা মাসুদা খাতুন। পরে শিক্ষামন্ত্রী এ প্রোগ্রামে ইন্টারন্যাশনাল স্কুল অ্যাওয়ার্ডপ্রাপ্ত শিক্ষকদের মধ্যে পদক বিতরণ করেন।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.................................
তারিখ.................................

| | |
|---|---|
| প্রধান, পরিসংখ্যান বিভাগ | |
| প্রধান, ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিষ্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর